



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১

২৩ আশ্বিন ১৪৩০
তারিখ: _____
০৮ অক্টোবর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ: ২০ জুন ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত সার্কুলারের ১(খ) অনুচ্ছেদে বর্ণিত আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার এখন থেকে নিম্নোক্ত ভাবে প্রযোজ্য হবে:

“(খ) আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালার আওতায় আমানত ও ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার নির্ধারণ করবে; তবে,

(১) আমানতের সুদ/মুনাফার হার SMART+২.৫% এর অধিক হবে না;

(২) ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার SMART+৫.৫% এর অধিক হবে না।”

৩। এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে ২ নং অনুচ্ছেদে বর্ণিত সুদ/মুনাফার হার প্রযোজ্য হবে।

৪। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০৭/২০২৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ক), (ঘ) এবং (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।